# Sanatan Dharma

**আসলে কি শ্রীরামচন্দ্র নিরামিষাশী ছিলেন?**

পুরো বাল্মীকিরচিত রামায়ণ না হয় বাদই দিলাম, শুধুমাত্র রামায়ণের অযোধ্যাকাণ্ডেই অসংখ্য স্থানে শ্রীরামচন্দ্রের মাংসাহারের কথা আছে। আমি শুধুমাত্র কয়েকটি স্থানের বাংলা অনুবাদ তুলে দিচ্ছি-

" অনন্তর রাম ও লক্ষ্মণ ক্রোশমাত্র পথ অতিক্রম করে বহু মৃগ বধ করলেন এবং যমুনা প্রদেশস্থ সেই বন মধ্যে ভোজনাদি ক্রিয়া সমাধা করলেন।"----(অযোধ্যাকাণ্ড : ৫৫. ৩২)

"রাম দেখলেন, পর্ণশালাটি দৃঢ়ভাবে নির্মিত, পত্র-পটলে আচ্ছাদিত ও দেখতে অতি সুন্দর হয়েছে, দেখে সেবা- পরায়ণ লক্ষ্মণকে বললেন-ভাই মৃগমাংস আহরণ করে বাস্তুযাগ করতে হবে। যারা দীর্ঘজীবন কামনা করেন, বাস্তুশান্তি বা বাস্তুযাগ তাদের পক্ষে অবশ্য কর্তব্য। অতএব হে শুভদর্শন লক্ষ্মণ, অবিলম্বে একটি মৃগ শিকার করে নিয়ে আসো; ধর্মাচার ভুলিও না- শাস্ত্রীয় বিধান অবশ্যই পালন করতে হবে।অরিন্দম লক্ষ্মণ দাদা রামের কথানুসারে সমস্ত কার্য নির্বাহ করলেন। রাম তাকে পুনরায় বললেন, - লক্ষ্মণ, এই হরিণের মাংস রান্না করো ; ঐ মাংস দ্বারা পর্ণশালায় অর্চনা করতে হবে। অতএব তাড়াতাড়ি করো, অদ্যকার এই দিন ধ্রুবনক্ষত্র সমন্বিত পবিত্র, তাই এর প্রত্যেকটি মুহূর্তকালই শুভ। এই শুভমুহূর্ততেই আমি রন্ধনকৃত মৃগমাংস দ্বারা পর্ণশালার উদ্দেশ্যে যজ্ঞ করবো।" --(অযোধ্যাকাণ্ড : ৫৬. ২১-২৫)

Published on: Jun, 07 2023 14:21